A GLOBAL TOBACCO INDUSTRY WATCHDOG

তথ্য তথ্যচিত্র

বিশ্বব্যাপী

# সিগারেটের একক শলাকা তথ্যচিত্র

এপ্রিল, 2023

## একক শলাকা কী?

- সিগারেটের একক শলাকা পৃথক বা আলাদাভাবে বিক্রি হয়, প্যাকেট/মোড়কের অংশ হিসেবে নয়।


## সিগারেটের একক শলাকা একটি মারাত্মক সমস্যা

- সিগারেটের একটি পুরো প্যাকেটের চাইতে একক শলাকা অনেক সাশ্রয়ী। এটি তরুণদের ধূমপান শুরু করা ও চালিয়ে যাওয়াকে সহজ করে তোলে।
- একক শলাকা বিক্রি সিগারেটের সহজলভ্যতা বাড়িয়ে সামাজিক বৈষম্যকে আরও খারাপ করে - এবং নিম্ন আয়ের মানুষের রোগের ঝুঁকি বৃদ্ধি করে। দরিদ্রদের নির্ভরযোগ্য স্বাস্থ্যসেবা পাওয়ার সম্ভাবনা কম এবং তাদের স্বাস্থ্য আরও খারাপ হতে পারে।
- একক শলাকা বিক্রি অনেক কার্যকর তামাক নিয়ন্ত্রণ নীতিকে দুর্বল করে তোলে, যার মধ্যে তামাকের কর বৃদ্ধি ও সিগারেটের প্যাকেটের স্বাস্থ্য সতর্কবার্তা রয়েছে।

## সিগারেটের একক শলাকা কোথায় বিক্রি হয়?

- সিগারেটের একক শলাকা দোকান বা অনানুষ্ঠানিক, অনিয়ন্ত্রিত মাধ্যম যেমন: রাস্তার বিক্রেতাদের মাধ্যমে বিক্রি করা হয়।
- একক শলাকা সারা বিশ্বে বিক্রি হয়, কিন্তু নিম্ন- এবং নিম্ন-মধ্যম আয়ের দেশগুলিতে বেশি লক্ষণীয়।[1]
- ৮০টির বেশি দেশে সিগারেটের একক শলাকা বিক্রি নিষিদ্ধ[2], কিন্তু বাস্তবায়নে চ্যালেঞ্জ রয়ে গেছে। উদাহরণ হিসেবে বলা যায়, ঘানা ২০১৭ সালে সিগারেটের একক শলাকা বিক্রি নিষিদ্ধ করেছিল। তবু, ২০২৩ সালের একটি গবেষণায় উঠে এসেছে যে, শতভাগ খুচরা বিক্রেতা একক শলাকা বিক্রি করছে।[3]

### তামাক বিক্রি করার দোকানে সিগারেটের একক শলাকা বিক্রির অনুপাত, 16টি দেশ, 2009-2012




১৬টি দেশের জরিপে দেখা গেছে যে, দেশের আয়কমে যাওয়ায় সিগারেটের একক শলাকা বিক্রয়কেন্দ্র'র সংখ্যা বেড়েছে।

বিভিন্ন অঞ্চলে স্বাস্থ্য পরিবেশগত অবস্থা: ১৬টি দেশে তামাকের বাজারব্যবস্থার ওপর পরিচালিত পর্যবেক্ষণ জরিপ; [https://apps.who.int/iris/handle/10665/271817](https://apps.who.int/iris/handle/10665/271817)

## সিগারেটের একক শলাকার বিক্রি কিভাবে বৈষম্য বৃদ্ধি করে

দরিদ্র আয়ের মানুষসহ প্রান্তিক ও নিপীড়িত মানুষকে টার্গেট করে তামাক শিল্প।[4] একক শলাকা বিক্রি তাদের কাছে সিগারেটকে সহজলভ্য করে তোলে যাদের বিপজ্জনক ও আসক্তিকারক তামাক ব্যবহারে সৃষ্ট রোগের চিকিৎসা ব্যয় নির্বাহের সামর্থ্য সীমিত।

তামাক ব্যবহারের জন্য ব্যয়ের খাদ্য, শিক্ষা, বাসস্থানসহ প্রয়োজনীয় চাহিদা পূরণে দরিদ্রদের অর্থকষ্ট বাড়িয়ে তোলে।[5] এছাড়া, পুরো প্যাকেটের চাইতে একক শলাকা হিসেবে বিক্রির সময় ভোক্তাকে প্রতিটি শলাকার জন্য বেশি মূল্য পরিশোধ করতে হয়। ফলে, যাদের অর্থ সামান্য তাদরকে প্রতিটি সিগারেটের জন্য প্রায়শই বেশি পরিশোধ করতে হয়।

ধনী ও দরিদ্রদের স্বাস্থ্যক্ষেত্রে বৈষম্যের একটি প্রধান কারণ হচ্ছে তামাক ব্যবহার।[6] তথ্যউপাত্ত প্রমাণ করে যে, আর্থ-সামাজিকভাবে উচ্চ আয়ের জনগোষ্ঠীর চাইতে নিম্নআয়ের জনগোষ্ঠীর মধ্যে ধূমপানের ফলে মৃত্যুঝুঁকি বেশি।[7]

## একক শলাকা বিক্রির মাধ্যমে লাভবান হয় তামাক শিল্প

- নতুন গ্রাহক সংগ্রহ ও বর্তমান গ্রাহককে ধরে রাখার ক্ষেত্রে একক শলাকা তামাক শিল্পকে সহায়তা করে থাকে।
- একক শলাকা তরুণদের ধূমপান শুরু করতে উৎসাহিত করতে পারে, কারণ এর সাশ্রয়ী মূল্য এবং এর সঙ্গে স্বাস্থ্য সতর্কবার্তা থাকে না যা নতুন ব্যবহারকারীকে নিরুৎসাহিত করতে পারে। এছাড়া, একক শলাকা দাম সচেতন ধূমপায়ীকে ধূমপান ত্যাগের পরিবর্তে ধূমপান চালিয়ে যাওয়ার ক্ষেত্রে সস্তা উপায় দেখায়।
- যদিও তামাক কোম্পানিগুলো প্রকাশ্যে একক শলাকা বিক্রির বিষয়ে বিরোধীতা করতে পারে, কিন্তু গোপনে তারা এটাকে সমর্থন করে।
    - ২০০৮ সালে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বিএটি) মরিশাস-এর দোকানদারদের একক শলাকা বিক্রিতে সহায়তা করতে দেখা যায়।
    - বিএটি মালাউই ও নাইজেরিয়াতে একক শলাকা বিক্রির প্রচারে পোস্টার প্রকাশ করতে দেখা যায়।
    - ২০১৪ সালে ফাস হওয়া নথিতে দেখা যায়, বিএটি উগান্ডাতে একক শলাকা বিক্রি বন্ধ করার প্রস্তাবের বিরোধীতা করার পরিকল্পনা করেছিল।

## একক শলাকা বিক্রি তামাক নিয়ন্ত্রণ নীতিকে দুর্বল করে

**প্যাকেটের স্বাস্থ্য সতর্কবার্তা:** সিগারেটের প্যাকেটে লিখিত ও ছবিযুক্ত স্বাস্থ্য সতর্কবার্তা ধূমপান শুরু করার ক্ষেত্রে মানুষকে নিরুৎসাহিত এবং ধূমপায়ীকে ধূমপান বর্জনে উৎসাহী করতে পারে। যখন মানুষ একক শলাকা ক্রয় করে, তখন তারা কোন স্বাস্থ্য সতর্কবার্তা দেখতে পায় না এবং সতর্কবার্তার উদ্দিষ্ট তথ্য বা সুরক্ষা পাবে না।

**কর এবং মূল্য বৃদ্ধি:** তামাকের ব্যবহার কমানোর সবচাইতে কার্যকর পদ্ধতি হলো তামাকের কর বৃদ্ধি যা সিগারেটের মূল্য বাড়ায় এবং সহজলভ্যতা কমায়। যখন স্বল্পমূল্যের একক শলাকা সহজলভ্য, তখন যারা একটি সিগারেট প্যাকেট ক্রয় করতে পারে না তারা ধূমপান ছাড়ার পরিবর্তে একক শলাকা ক্রয় করতে পারে।

**বয়সগত বিধিনিষেধ:** তরুণদের তামাক গ্রহণ কমাতে সিগারেট ক্রয়ে বয়সগত বিধিনিষেধ খুবই কার্যকর। যেহেতু একক শলাকা অনানুষ্ঠানিক, অনিয়ন্ত্রিতভাবে বিক্রি হয়, সেহেতু শিশু ও তরুণেরা বয়সের প্রমাণ দেখানো ছাড়াই সিগারেট ক্রয় করতে পারে।

**বিজ্ঞাপনের নিষেধাজ্ঞা:** তামাকের বিজ্ঞাপন নিষিদ্ধ হলে তামাকের ব্যবহার কমে। এমনকি, যেখানে তামাকের বিজ্ঞাপন নিষিদ্ধ, সেখানে কেউ কেউ উল্লেখ করেছেন যে, একক শলাকা বিক্রি দেখলে ধূমপানের আকাঙ্খা দেখা দেয় এবং ধূমপানে প্রলুব্ধ করে। বাণিজ্যিক সিগারেটের নাম ও লোগো বিজ্ঞাপন হিসেবে কাজ করে।

## সিগ্যারেটের প্যাকেট ও একক শলাকার মূল্যের পার্থক্যের উদাহরণ।

সিগারেটের প্যাকেট ও একক শলাকার মূল্যে অনেক পার্থক্য হতে পারে। কিছু ক্ষেত্রে, একক শলাকার মূল্য ২০টি শলাকার সিগারেট প্যাকেটের ২-১০% হতে পারে। একক শলাকার এই স্বল্পমূল্য শিশু, তরুণ ও নিম্নআয়ের মানুষের কাছে সিগারেটকে সহজলভ্য করে তোলে, যারা ধনী ধূমপায়ীর চাইতে খারাপ স্বাস্থ্যগত ফলাফল করতে পারে।

**বাংলাদেশ:**[14]

80 – 284 BDT
(US $.76 – 2.68)

**সিঙ্গেল স্টিকের দাম:**
5 BDT এর মতো কম
(US $.05)

(বাংলাদেশি টাকা, 2023)

**শ্রীলঙ্কা:**[15]

**প্যাকের দাম:**
1,300 Rs
(US $4.07)

**সিঙ্গেল স্টিকের দাম:**
65 Rs
(US $.20)

(শ্রীলঙ্কান রুপি, সবচেয়ে জনপ্রিয় ব্র্যান্ড, 2020)

**কলম্বিয়া:**[16]

**প্যাকের দাম:**
3,250 COP
(US $.71)

**সিঙ্গেল স্টিকের দাম:**
300 COP
(US $.07)

(কলম্বিয়ান পেসো, কম মূল্যের-ব্র্যান্ড বিভাগ, 2017)

2023 সালের এপ্রিল পর্যন্ত মার্কিন ডলারের রূপান্তর

# সুপারিশ

1

**সরকার একক শলাকা বিক্রিকে অবশ্যই নিষিদ্ধ করবে।** নিষেধাজ্ঞা সিগারেট প্রাপ্তিকে কঠিন করার মাধ্যমে তরুণদের তামাক গ্রহণ কমিয়ে দিতে পারে। এরূপ নিষেধাজ্ঞা নিম্নআয়ের মানুষকে তামাকের ব্যবহারের ব্যয় ও তামাক ব্যবহারজনিত রোগের বোঝা থেকে সুরক্ষা প্রদান করবে।

2

**বিশ্ব স্বাস্থ্য সংস্থা ফ্রেমওয়ার্ক কনভেনশন অন টোব্যাকো কন্ট্রোল অনুযায়ী রাষ্ট্রসমূহ একক শলাকা বিক্রি নিষিদ্ধ করায় বাধ্য।** আর্টিকেল ১৬ অনুযায়ী রাষ্ট্রসমূহ অপ্রাপ্তবয়স্কদের নিকট বা তাদের দ্বারা তামাক বিক্রয় নিষিদ্ধ করবে। উল্লেখ্য, অপ্রাপ্তবয়স্কদের নিকট তামাককে সহজলভ্য করে বিধায় এ নিষেধাজ্ঞার মধ্যে একক শলাকা বা ছোট প্যাকেট বিক্রি নিষিদ্ধ করার বিষয়টিও যুক্ত থাকবে।

3

**একক শলাকা বিক্রি নিষিদ্ধ করার বিষয়টি অবশ্যই বাস্তবায়ন করতে হবে।** কোন কোন দেশে, যেখানে একক শলাকা বিক্রি করা নিষিদ্ধ, সেখানে একক শলাকার সহজলভ্যতা দেখা যায়। খুচরা বিক্রেতা ও জনসাধারণকে অবশ্যই একক শলাকা বিক্রি নিষিদ্ধ বিষয়ে জানাতে হবে এবং নিয়ন্ত্রকগণ বিক্রেতাদের জবাবদিহিতা নিশ্চিত করবে যেন নিষেধাজ্ঞার উদ্দেশ্য সফল হয়। তামাক বিক্রয়ের জন্য লাইসেন্স প্রয়োজন হলে তা অনানুষ্ঠানিক বিক্রয়ও নিয়ন্ত্রণ করবে।

## শেষ কথা


1. https://apps.who.int/iris/bitstream/handle/10665/271817/PMC4669733.pdf?sequence=1&isAllowed=y
2. https://www.tobaccocontrollaws.org/legislation/find-by-policy?policy=sales-restrictions&matrix=srSalesRestrictions&handle=sales-restrictions&criteria=sale-of-single-cigarettes-sticks&status=B
3. https://bmjopen.bmj.com/content/13/3/e062476?rss=1
4. https://truthinitiative.org/research-resources/targeted-communities/tobacco-social-justice-issue-low-income-communities
5. https://tobacconomics.org/uploads/misc/2018/03/UIC_Tobacco-and-Poverty_Policy-Brief.pdf
6. https://tobacconomics.org/uploads/misc/2017/01/m21_major_conclusions.pdf
7. https://www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC3430638/
8. https://tobaccocontrol.bmj.com/content/31/2/272#ref-3
9. https://www.who.int/activities/raising-taxes-on-tobacco
10. https://tobaccocontrol.bmj.com/content/26/5/604
11. http://news.bbc.co.uk/2/hi/africa/7475259.stm
12. http://news.bbc.co.uk/2/hi/africa/7475259.stm
13. https://tobaccotactics.org/wiki/Uganda-BATs-Tactics-to-Undermine-the-Tobacco-Control-Bill/#Promoting_Single_Cigarette_Sales
14. দেশের অভ্যন্তরীণ উৎস
15. https://www.ips.lk/talkingeconomics/2020/09/23/smoked-out-why-the-sale-of-single-stick-cigarettes-must-be-banned/
16. https://tobaccocontrol.bmj.com/content/early/2022/05/31/tobaccocontrol-2022-057333
17. http://apps.who.int/iris/bitstream/handle/10665/42811/9241591013.pdf;jsessionid=9A0908765C797A19C00166E3A1DEE6A3?sequence=1
18. https://atca-africa.org/wp-content/uploads/2021/04/Report-Sale-of-Single-Sticks-in-Africa.pdf
19. https://theunion.org/implementation-hub/policy-areas/vendor-licensing-policy-implementation



STOP. A GLOBAL TOBACCO INDUSTRY WATCHDOG

### STOP সম্পর্কে (তামাক সংগঠন এবং পণ্য বন্ধ করা)

STOP হল একটি বিশ্বব্যাপী তামাক শিল্প পর্যবেক্ষণকারী সংস্থা যার লক্ষ্য হল তামাক শিল্পের কৌশলগুলি প্রকাশ করা যা জনস্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করে। একাডেমিক এবং জনস্বাস্থ্য সংস্থাগুলির একটি নেটওয়ার্কের সমন্বয়ে গঠিত, STOP তামাক শিল্পের উপর গবেষণা করে এবং নিরীক্ষণ করে, এর কৌশলগুলি মোকাবেলা করার জন্য ইন্টেলিজেন্স ভাগ করে এবং বিশ্বব্যাপী দর্শকদের কাছে এর অপকর্মগুলি প্রকাশ করে। STOP ব্লুমবার্গ ফিলানথ্রপিস দ্বারা অর্থায়ন করা হয়েছে তামাক ব্যবহার কমানোর জন্য ব্লুমবার্গ ইনিশিয়েটিভের অংশ হিসেবে। আরও তথ্যের জন্য, exposetobacco.org দেখুন।